**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 04–05–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**<u>Headlines :</u>**

**(১) আসামের সোনারপুরে জাতীয় সড়ক দিয়ে পেট্রোল ডিজেলসহ অত্যাবশ্যকীয় পন্য সামগ্রী নিয়ে ট্যাঙ্কার ও লরি ত্রিপুরায় আসা অব্যাহত রয়েছে ।**

**(২) পশ্চিম জেলার জেলা শাসক ডঃ বিশাল কুমার জানিয়েছেন, মোহনপুরের দেবেন্দ্রনগর ডাম্পিং স্টেশনের পরিস্থিতি বর্তমানে সম্পূর্ণ নিয়ন্ত্রণে রয়েছে।**

**(৩) ভারতের লোকসভা নির্বাচন প্রত্যক্ষ করতে তেইশটি দেশের নির্বাচন পরিচালনা সংস্থা থেকে পঁচাত্তর জন আন্তর্জাতিক প্রতিনিধি ভারতে এসেছেন ।**

**(৪) আন্ডারগ্র্যাজুয়েট মেডিকেল পাঠক্রমে ভর্তির জন্য আগামীকাল জাতীয় যোগ্যতা নির্ণায়ক প্রবেশিকা পরীক্ষা বা NEET অনুষ্ঠিত হবে ।**

********************************

**Food Director :**

আসামের সোনারপুরে জাতীয় সড়ক দিয়ে পেট্রোল ডিজেলসহ অত্যাবশ্যকীয় পন্য সামগ্রী নিয়ে ট্যাঙ্কার ও লরি ত্রিপুরায় আসা অব্যাহত রয়েছে। খাদ্য অধিকর্তা নির্মল অধিকারী জানিয়েছেন,

আজও ট্যাংকারে করে পেট্রোল ডিজেল রাজ্যে এসে পৌঁছেছে। সোনারপুরে রাস্তা খারাপ থাকায় যানবাহনগুলিকে সাবধানে চলাচল করতে হচ্ছে। তিনি জানান, লামডিং ডিভিশনের জাটিঙ্গা এলাকায় বিগত কয়েকদিন ধরে বৃষ্টি হচ্ছে। এরফলে রেললাইনের ওই অংশে মালবাহী ট্রেন চলাচল সাময়িকভাবে ব্যাহত হচ্ছে। তিনি জানান, উদ্‌ভুত পরিস্থিতিতে পণ্য সামগ্রীর মূল্য নিয়ন্ত্রণে থাকার জন্য খাদ্য দপ্তরের টাস্ক ফোর্সের বেশ কয়েকটি টিম আজ পশ্চিম জেলার বিভিন্ন বাজারে অভিযান চালায়। পেট্রোল পাম্পগুলোতে পেট্রোল, ডিজেলের রেশনিং অব্যাহত রয়েছে। তিনি আরও জানান, সরকারী ন্যায্যমূল্যের দোকানের জন্য চাল, আটা, লবন, ইত্যাদি রেশন সামগ্রীর মজুত সন্তোষজনক।

***************************

**Dumping Station :**

পশ্চিম জেলার জেলা শাসক ডঃ বিশাল কুমার জানিয়েছেন, মোহনপুরের দেবেন্দ্রনগর ডাম্পিং স্টেশনের পরিস্থিতি বর্তমানে সম্পূর্ণ নিয়ন্ত্রণে রয়েছে। আগুন সম্পূর্ণ নিভে গেছে। ধোঁয়াও বেরুচ্ছে না। তবে নিচ থেকে কিছু গ্যাস এখনো বেরুচ্ছে। দুয়েক দিনের মধ্যে গ্যাস নির্গমন বন্ধ হবে বলে জানান তিনি। তিনি আকাশবাণীকে জানান গত বৃহস্পতিবার তিনি এলাকাবাসী, আগরতলা পুর নিগম, দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ সহ সংশ্লিষ্ট দপ্তরকে নিয়ে ঐ এলাকায় বৈঠক করেছেন। পরিস্থিতি স্বাভাবিক করতে প্রশাসনের পক্ষ থেকে সব রকমের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। তিনি আরো জানান আর কখনো যাতে এই ধরনের পরিস্থিতি না হয় তার জন্য আগরতলা পুর নিগম ব্যবস্থা গ্রহণ করবে। তিনি

জানান ডাম্পিং স্টেশনে আবর্জনা প্রক্রিয়াকরণের কাজ করছে একটি সংস্থা।

*************************

**Bangladeshi Detained :**

রাজ্যের বিভিন্ন এলাকা থেকে পুলিশ আজ আঠারো জন বাংলাদেশী নাগরিককে আটক করেছে। ধলাই জেলার গন্ডাতুইসা থেকে এগার জন, আমবাসা রেল স্টেশন থেকে পাঁচ জন এবং সিধাই থেকে দুই জনকে গ্রেপ্তার করা হয়। গন্ডাতুইসা থেকে আটক ১১ জন বাংলাদেশীর মধ্যে ৫ জন পুরুষ, দুইজন মহিলা, চারটি শিশু। আজ সকালে তারা কাঞ্চনঝঙঘা ট্রেনে করে আমবাসা স্টেশনে নামে। এরপর গাড়ি করে তারা গন্ডাতুইসা যায়। এদের বাড়ি বাংলাদেশের ময়মনসিংহ জেলার বগীর হাম এলাকায়। তারা ব্যাঙ্গালুরু থেকে বাংলাদেশে ফিরে যাওয়ার উদ্দেশ্যে এখানে এসেছিল বলে পুলিশ জানিয়েছে। এদিকে, আমবাসা থানার ওসি গুরুপদ দেবনাথ জানান, পুলিশের স্পেশাল ব্রাঞ্চের সহযোগিতায় আজ আমবাসা রেলস্টেশনে ৫ জন বাংলাদেশীকে আটক করা সম্ভব হয়েছে।

*************************

**Hepatitis Foundation :**

হেপাটাইটিস ফাউন্ডেশন অফ ত্রিপুরার প্রতিষ্ঠাতা সভাপতি ডক্টর প্রদীপ ভৌমিক বলেছেন, রাজ্যে বর্তমানে ব্লাড ব্যাংকে রক্ত স্বল্পতা দেখা দিয়েছে। রাজ্য স্বাস্থ্যদপ্তর ইতিমধ্যেই বিভিন্ন সংস্থা এবং সংগঠনগুলিকে এই পরিস্থিতি নিরসনে এগিয়ে আসার অনুরোধ জানিয়েছে। রাজ্য সরকারের অনুরোধে সাড়া দিয়ে

আগের বছরগুলির মত এবারও হেপাটাইটিস ফাউন্ডেশন অফ ত্রিপুরা রক্তদানে এগিয়ে এসেছে। ফাউন্ডেশন সম্প্রতি সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, সংস্থার সদস্যরা রাজ্যের বিভিন্ন ব্লাড ব্যাংকে রক্তদান করবেন। আজ ফাউন্ডেশনের আগরতলা শাখার উদ্যোগে আগরতলা জিবি হাসপাতালের ব্লাড ব্যাংকে আয়োজিত রক্তদান শিবিরে তিনি একথা বলেন। তিনি আরো বলেন ইতিমধ্যেই ফাউন্ডেশনের বিভিন্ন শাখাগুলি রক্তদানের একটি সময়সূচি তৈরি করে রক্তদানের কাজ আরম্ভ করেছে। তারই অঙ্গ হিসাবে আজকের শিবিরের আয়োজন। আজকের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আগরতলা গভর্নমেন্ট মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর ডক্টর অনুপ সাহা, ভাইস প্রিন্সিপাল ডক্টর তপন মজুমদার, স্বাস্থ্য অধিকর্তা প্রফেসর ডক্টর সঞ্জীব দেববর্মা,জিবি হাসপাতালের মেডিকেল সুপার ডাঃ শঙ্কর চক্রবর্তী,ত্রিপুরা রাজ্য রক্ত সঞ্চালন পর্ষদ এর মেম্বার সেক্রেটারি ডাঃ বিশ্বজিৎ দেববর্মা, ফাউন্ডেশনের সভাপতি ডঃ এন এল ভৌমিক সহ সংগঠনের অন্যান্য কর্মকর্তা। এই রক্তদান শিবিরে আগরতলার নজরুল ছাত্রাবাসের আবাসিকরাও রক্তদেন। মোট রক্তদান করেন ৩৬ জন।

*************************

**Health Camp-BRU :**

দক্ষিণ জেলার বকাফা ব্লকের লাউগাংসম এডিসি ভিলেজে রিয়াং শরনার্থীদের পূনর্বাসন কেন্দ্রে আজ এক মেগা স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। দক্ষিন জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা: সুব্রত দাস, বাইখোড়া প্রাথমিক স্বাস্হ্যকেন্দ্রের ভারপ্রাপ্ত চিকিৎসক ডা: শুভ্রজোতি মজুমদার, ডা: অলক দাস রোগীদের বিনামূল্যে

চিকিৎসা করেন। ১৮ জন শিশুকে বিভিন্ন টিকাকরনের জন্য চিহ্নিত করা হয়। আগামী মঙ্গলবার এই পুনর্বাসন কেন্দ্রে শিবির করে চিহ্নিত শিশুদের টিকাকরন করা হবে।

*****************************

**Foreign Visitors for Election :**

ভারতের লোকসভা নির্বাচন প্রত্যক্ষ করতে তেইশটি দেশের নির্বাচন পরিচালনা সংস্থা থেকে পঁচাত্তর জন আন্তর্জাতিক প্রতিনিধি ভারতে এসেছেন। সর্বোচ্চ মানের সাধারণ নির্বাচন পরিচালনার প্রতিশ্রুতির উদাহরণস্বরূপ, নির্বাচন কমিশন এই প্রতিনিধিদের গণতান্ত্রিক উৎকর্ষের সাক্ষ্য প্রদর্শনের জন্য আমন্ত্রণ জানিয়েছে। সফরকালে প্রতিনিধিরা আজ থেকে আগামী ছ'দিন বিভিন্ন কর্মসূচিতে অংশ নেবেন।

আকাশবাণীর সংবাদদাতা জানিয়েছেন যে নির্বাচন কমিশন বলেছে, এই কর্মসূচিটি ভারতের নির্বাচনী ব্যবস্থার সূক্ষ্মতা এবং বিশ্বের বৃহত্তম গণতন্ত্রের শ্রেষ্ঠ অনুশীলনগুলির সঙ্গে বিদেশী নির্বাচন পরিচালনা সংস্থাগুলিকে পরিচিত করাতে চায়। দেশের মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমার, নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার এবং ডঃ সুখবীর সিং সান্ধু আগামীকাল প্রতিনিধিদের সামনে ভাষণ দেবেন। পরে, প্রতিনিধিরা মহারাষ্ট্র, গোয়া, গুজরাট, কর্ণাটক, মধ্যপ্রদেশ এবং উত্তরপ্রদেশ, এই ছয়টি রাজ্য সফর করবেন। তারা রাজ্যগুলির বিভিন্ন নির্বাচনী এলাকায় নির্বাচন এবং সংশ্লিষ্ট প্রস্তুতি পর্যবেক্ষণ করবেন।

*****************************

**NEET :**

ন্যাশনাল টেস্টিং এজেন্সি আগামীকাল আন্ডারগ্র্যাজুয়েট মেডিকেল পাঠক্রমে ভর্তির জন্য জাতীয় যোগ্যতা নির্ণায়ক প্রবেশিকা পরীক্ষা বা NEET এর জন্য প্রস্তুতি চূড়ান্ত করেছে। সারাদেশে ৫৫৭টি শহর এবং ভারতের বাইরে ১৪টি শহরের বিভিন্ন কেন্দ্রে এই বছর ২৪ লক্ষেরও বেশি প্রার্থী পরীক্ষায় বসবেন। ভারতীয় সময় অনুযায়ী বেলা দুটো থেকে বিকেল পাঁচটা কুড়ি মিনিট পর্যন্ত পরীক্ষা গ্রহণ করা হবে।

*************************

**Prevent of Cruelty to Animals :**

"প্রাণীদের প্রতি নিষ্ঠুরতা প্রতিরোধ আইন -১৯৬০" এর পুরোপুরি বাস্তবায়ন করতে ঊনকোটি জেলাতে প্রশাসনিক পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। আজ বিকালে কৈলাশহরে, জেলাশাসক কার্যালয়ের কনফারেন্স হলে প্রাণীকল্যাণ বিষয়ক কমিটির এক বৈঠক অনুষ্ঠিত হয়। আজকের বৈঠকে উপস্থিত ছিলেন, ঊনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা, অতিরিক্ত জেলা শাসক দশরথ দেববর্মা, প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের উপ-অধিকর্তা ডাঃ রাহুল ধর পুরকায়স্থ প্রমুখ। বৈঠকে অমানবিকভাবে প্রাণী পরিবহন না করা, মাংসের জন্য প্রকাশ্যস্থানে পাঁঠা, মোরগ না কাটা এবিষয়ে সচেতনতা সৃষ্টি, দেশে প্রচলিত এই বিষয়ক আইন-বিধি সম্পর্কে প্রচার করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। ঊনকোটি জেলার জেলা শাসক প্রাণীদের প্রতি সদয় আচরণ যাতে সমাজে বিদ্যমান থাকে এলক্ষ্যে সচেতনতা সৃষ্টি করা হচ্ছে, পাশাপাশি প্রচলিত আইন ভঙ্গকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

****************************

**Water Distribution :**

মহিলা পরিচালিত সহায়িকা সামাজিক সংস্থার পক্ষ থেকে আজ আগরতলার কের চৌমুহনী এলাকায় পথ চলতি মানুষকে লেবুর শরবত, পানীয় জল এবং বাতাসা খাওয়ানো হয়। প্রখর রোদ্রে শ্রমজীবী বিশেষ করে রিক্সা চালক এবং অন্যান্য পথ চলতি মানুষকে জল দান করা হয়।

আজ আগরতলা পুর নিগমের উত্তর জোনাল অফিসের উদ্যোগে জিবি বাজার এলাকায় পথ চলতি মানুষদের মধ্যে শরবত এবং তরমুজ বিতরণ করা হয়। উপস্থিত ছিলেন পুর মেয়র দীপক মজুমদার। তাছাড়া আগরতলা পুর নিগমের ১৯ ও ৩৫ নম্বর ওয়ার্ডের উদ্যোগেও জল ও ফল বিতরণ কর্মসূচিতে অংশ নেন মেয়র শ্রী মজুমদার। পাশাপাশি বিজেপি সদর জেলা মহিলা মোর্চার উদ্যোগে আগরতলার উমা মহেশ্বরী কালীবাড়ির সামনে জলছত্রের আয়োজন করা হয়।

*****************************

**Raid by Food Department :**

খাদ্য দপ্তর এবং ওজন ও পরিমাপ দপ্তরের যৌথ উদ্যোগে আজ সূর্যমনিনগর ও আমতলী বাজারে এক অভিযান চালানো হয়। সদর মহকুমার ফুড কন্ট্রোলার প্রদীপ কুমার ভৌমিক জানান, এই অভিযানে বেশ কিছু অনিয়ম ধরা পড়ে। সূর্যমনিনগরে একটি রেস্‌টুরেন্ট, একটি কেক প্লাজা থেকে সর্বমোট পাচঁটি এলপিজি ডোমেস্টিক সিলিন্ডার বাজেয়াপ্ত করা হয়। তাছাড়া সূর্যমনিনগরস্থিত একটি দোকানে মেয়াদোত্তীর্ণ খাবার ও একটি কেক প্লাজায় মেয়াদোত্তীর্ণ ফুড কালার বাজেয়াপ্ত করা হয়।

*************************

**Heatwave, Advise :**

রাজ্যের কিছু কিছু স্থানে কম-বেশি বৃষ্টিপাত হলেও এখনও তাপমাত্রা স্বাভাবিকের চেয়ে বেশি রয়েছে। যার ফলে তীব্র গরমে ব্যাহত হচ্ছে মানুষের স্বাভাবিক জীবনযাত্রা। অনেকেই অসুস্থ হচ্ছেন। সিপাহীজলা জেলার বিশালগড় মহকুমা হাসপাতালের ভারপ্রাপ্ত মেডিক্যাল অফিসার ডক্টর JM দাস এই অবস্থায় গরমের তীব্রতা থেকে নিজেকে রক্ষা করতে চড়া রোদের সময় যতটা সম্ভব ঘর থেকে না বেরুনো, বেশি পরিমান জলপান, বাইরের কাটা ফল ও ফাস্টফুড না খাওয়া সহ রক্তচাপ জনিত সমস্যায় ভুগতে থাকা রোগীদের কয়েকদিন পরপর ব্লাড প্রেসার পরীক্ষা করার পরামর্শ দিয়েছেন। তিনি বলেছেন আবহাওয়া ও তাপমাত্রার পরিবর্তনের কারনে বর্তমানে জ্বর, সর্দি-কাশি, পেটখারাপ ইত্যাদির প্রাদুর্ভাব দেখা দিচ্ছে। তাই তিনি সকলকে সতর্ক ও সচেতন থাকার আহ্বান জানিয়েছেন।

*******************************

**Onion :**

কেন্দ্র আজ পেঁয়াজ রপ্তানির উপর থেকে নিষেধাজ্ঞা তুলে নিয়েছে। গত মাসে, কেন্দ্র বাংলাদেশ, সংযুক্ত আরব আমীরশাহী, ভুটান, বাহরাইন, মরিশাস এবং শ্রীলঙ্কায় ৯৯ হাজার মেট্রিক টন পেঁয়াজ রপ্তানির অনুমতি দেয়। পশ্চিম এশিয়া ও ইউরোপের কয়েকটি দেশে রপ্তানি বাজারের জন্য বিশেষভাবে চাষ করা দুই হাজার মেট্রিক টন সাদা পেঁয়াজ রপ্তানির অনুমতিও দিয়েছে সরকার। আগের বছরের তুলনায় উৎপাদন কম হওয়ায়

অভ্যন্তরীণ প্রাপ্যতা নিশ্চিত করার জন্য গত বছরের ডিসেম্বর মাসে, পেঁয়াজের রপ্তানি নিষিদ্ধ করা হয়েছিল।

**************************

**Weather :**

পশ্চিম জেলার দু এক জায়গায় উষ্ণ তাপপ্রবাহ আজও অব্যাহত রয়েছে। আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা তাপমাত্রা সর্বোচ্চ ৩৪ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৬ দশমিক পাঁচ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ দশমিক চার ডিগ্রি সেলসিয়াস। আগামী ২৪ ঘন্টায় উত্তর, ঊনকোটি, ধলাই এবং খোয়াই জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টি সঙ্গে ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

************************